

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২১ জুন, ২০১৭ ২৩:১৬

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাজেট ঘোষণা | অনলাইন ডেস্ক



২০১৭-১৮ অর্থবছরের জন্য ২ হাজার ৩৮৪ কোটি ৮০ লাখ টাকার বাজেট (প্রস্তাবিত) ঘোষণা করেছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি)।

রাজধানীর গুলশান-২ এ অবস্থিত ডিএনসিসির কার্যালয়ে বুধবার বিকেলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই বাজেট ঘোষণা করেন ডিএনসিসির মেয়র আনিসুল হক।

সংবাদ সম্মেলনে মেয়র আনিসুল হক বলেন, “এই অর্থবছরে নিজস্ব উৎস থেকে আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৯৭৭ কোটি ৬৫ লাখ টাকা। এর মধ্যে হোল্ডিং ট্যাক্স বাবদ আয়ের প্রাক্কলন করা হয়েছে ৪৮৫ কোটি টাকা, যা মোট রাজস্ব আয়ের শতকরা ৫০ ভাগ।”

সংবাদ সম্মেলনে তিনি ২০১৬-১৭ অর্থবছরের জন্য ১ হাজার ২৩১ কোটি ২৬ লাখ টাকার সংশোধিত বাজেটও উপস্থাপন করেন।

মেয়র বলেন, “২০১৭-১৮ অর্থবছরে নিজস্ব আয়ের অন্যতম খাত হলো হোল্ডিং ট্যাক্স। মোট রাজস্ব আয়ের ৫০ শতাংশ এই খাত থেকে ধরা হয়েছে। এছাড়া বাজার হতে সালামী বাবদ ১২০ কোটি টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ৬০ কোটি টাকা এবং সম্পত্তি হস্তান্তর বাবদ ১৮০ কোটি টাকা পাওয়ার আশা করছি।”

সরকারি উন্নয়ন অনুদান হিসেবে ১৫০ কোটি টাকা এবং সরকারি ও বৈদেশিক সাহায্যপুঙ্ প্রকল্প থেকে প্রায় ১ হাজার ২৯ কোটি ৬৫ লাখ টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে বলেও জানান তিনি।

আনিসুল হক জানান, গত অর্থবছরে প্রস্তাবিত বাজেটে বরাদ্দ ধরা হয়েছিল দুই হাজার ৮৩ কোটি ৩৫ লাখ টাকা। সংশোধিত বাজেটে ডিএনসিসির প্রায় ৬০ শতাংশ বাজেট বাস্তবায়ন হয়েছে।

সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা মিসবাউল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল এস এম সালেহ ভূইয়া প্রমুখ। এ ছাড়াও উপস্থিত ছিলেন ডিএনসিসি'র বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরবৃন্দ।

বিডি প্রতিদিন/ সালাহ উদ্দীন